🔶🔶 **Discussion matter of English Grammar (ইংরেজি ব্যাকরণের আলোচ্য বিষয়)**

**English Grammar** -এর আলোচ্য বিষয়কে মোট পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। যথা :
1. Orthography (অর্থোগ্রাফী) বর্ণপ্রকরণ;
2. Etymology (ইটিমোলজী) পদপ্রকরণ
3. Syntax (সিনট্যাক্স) বাক্য প্রকরণ;
4. Punctuation (পাংচুয়েশন) বিরাম চিহ্ন প্রকরণ
5. Prosody (প্রোসডি) ছন্দ প্রকরণ।

**1. Orthography (বর্ণপ্রকরণ) :**English Grammar-এর যে অংশে বর্ণমালা ও শব্দের বানান প্রণালী আলোচিত হয়, সে অংশকে Orthography বা বর্ণ প্রকরণ বলে।

**2. Etymology (পদ প্রকরণ)** : English Grammar-এর যে অংশে শব্দের বুৎপত্তি আলোচিত

হয়, সে আলোচনাকে Etymology বা পদ প্রকরণ বলে। একে শব্দ রূপ বা ধাতুরূপও বলা হয়।

**3. Syntax (বাক্য প্রকরণ)** : English grammar- এর যে অংশে বাক্য গঠনের বিভিন্ন নিয়ম কানুন আলোচিত হয়, সে অংশকে Syntax বা বাক্য প্রকরণ বলে। একে শব্দের বা পদের ব্যাকরণসম্মত বিন্যাসও বলা হয়ে থাকে।

**4. Punctuation (বিরামচিহ্ন প্রকরণ)** : English Grammar এর যে অংশে বাক্যে বিরামচিহ্ন ব্যবহারের নিয়ম-কানুন আলোচিত হয়, সে অংশকে Punctuation (বিরামচিহ্ন প্রকরণ) বলে।
**5. Prosody ( ছন্দ প্রকরণ)** : English Grammar এর যে অংশে ছন্দ ও কবিতা রচনার কলাকৌশল আলোচিত হয়, সে অংশকে Prosody বা ছন্দপ্রকরণ বলে।

🔶🔶 **Reading Importance of English Grammar (ইংরেজি ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা)**
ইংরেজি ব্যাকরণের ইংরেজি প্রতিশব্দ English Grammar (ইংরেজি ব্যাকরণ) পাঠের মাধ্যমেই কেবল ইংরেজি ভাষা শুদ্ধরূপে বলা, পড়া ও লিখা সম্ভব। কেননা ইংরেজি ব্যাকরণ পাঠ করে ইংরেজি ভাষার নিয়ম-কানুন ও অভ্যন্তরীণ শৃঙ্খলা সম্পর্কে ধারণা পাওয়া যায়। একথা সত্য যে, ইংরেজি ভাষা সৃষ্টির অনেক পরে ইংরেজি ব্যাকরণের সৃষ্টি। এটিকে ইংরেজি ভাষার সংবিধান বলা হয়। দেশের জনগণকে যেমন সংশ্লিষ্ট দেশের সংবিধান মেনে চলতে হয়, ইংরেজি ভাষাভাষীদেরও তেমনি ইংরেজি ব্যাকরণের নিয়ম-কানুন মেনে চলতে হয়। এভাবে ইংরেজি ভাষা ব্যবহারকারীদের জন্য ইংরেজি ব্যাকরণ পাঠের গুরুত্ব অপরিসীম।

Prepared by
**Md. Kamrul Islam Shakil**
Asst. Teacher in English
Daffodil International School